# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)

**১. পরিচিতি:**

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল স্তরের মাদ্রাসা শিক্ষকগণের একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান হলো বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)। সাধারণ শিক্ষার সাথে জড়িত বিভিন্ন স্তরে কর্মরত শিক্ষকগণের পেশাগত দক্ষতা বৃদ্ধি বা প্রশিক্ষণের জন্য প্রাইমারি শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (পিটিআই), শিক্ষক প্রশিক্ষণ কলেজ (টিটিসি), এইচএসটিটিআই এবং নায়েম থাকলেও মাদ্রাসায় কর্মরত শিক্ষকগণের জন্য কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠান ছিল না। এ বাস্তবতা অনুধাবন করেই সরকার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) স্থাপনের প্রকল্প গ্রহণ করে। ১৯৯৫ সালের ২৮ ডিসেম্বর গাজীপুর জেলার বোর্ডবাজারে বিএমটিটিআই-এর ভিত্তি প্রস্তর স্থাপন করা হয়। বিএমটিটিআই-এর অবকাঠামোগত উন্নয়নের পর ১৯৯৯ সালে সর্বপ্রথম প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। বর্তমানে বিএমটিটিআই-তে সরকারের নিজস্ব অর্থায়নে এবতেদায়ি, দাখিল, আলিম, ফাজিল ও কামিল স্তরের শিক্ষকগণের তথ্য প্রযুক্তি ও পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য ব্লেন্ডেড ও আবাসিক প্রশিক্ষণ এবং অনলাইনে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে।

**রুপকল্প** (Vision): উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন, দক্ষ মানব সম্পদ তৈরি।

**অভিলক্ষ্য**(Mission): জাতীয় শিক্ষানীতি ২০১০ এর আলোকে মাদ্রাসা শিক্ষার সকল পর্যায়ে যুগোপযোগী আধুনিক মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার মাধ্যমে উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন মানব সম্পদ তৈরির প্রচেষ্টা অব্যাহত রাখা।

২. **উদ্দেশ্য:**

১. মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নে প্রশিক্ষিত শিক্ষক তৈরি;
২. মাদ্রাসা ব্যবস্থাপনার মানোন্নয়ন;
৩. মাদ্রাসা শিক্ষার্থীদেরকে জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের (বিশেষ করে মধ্যপ্রাচ্যের) জন্য দক্ষ ও উপযোগী করে গড়ে তোলা;
৪. মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে আরবি ও ইংরেজি ভাষার দক্ষতা বৃদ্ধি;
৫. বিএমটিটিআই এর সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও প্রশিক্ষণের সার্বিক মানোন্নয়ন।

**৩. কার্যাবলী:**

**ক. বিষয়ভিত্তিক প্রশিক্ষণ:**

১. এবতেদায়ীস্তরের জুনিয়র শিক্ষকগণের জন্য ০২ (দুই) সপ্তাহ মেয়াদি (আরবি, ইংরেজি, কুরআন মাজিদ, বাংলা, গণিত এবং বিজ্ঞান) বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।
২. দাখিলস্তরের সহকারী শিক্ষকগণের জন্য ০৪ (চার) সপ্তাহ মেয়াদি (আরবি, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলা, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ইসলামের ইতিহাস, আইসিটি, আল-কোরআন, আল-হাদিস এবং আকাইদ ও ফিকহ) বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।
৩. সিনিয়রস্তরের (আলিম, ফাজিল ও কামিল) মাদ্রাসার প্রভাষক/সহকারী অধ্যাপকগণের জন্য ০৪ (চার) সপ্তাহ মেয়াদি (আরবি, আল-হাদিস, ইংরেজি, গণিত, বাংলা, জীববিজ্ঞান, রসায়ন এবং পদার্থবিজ্ঞান) বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

**খ. শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ:**

১. এবতেদায়ীস্তরের মাদ্রাসার প্রধানদের জন্য ০২ (দুই) সপ্তাহ মেয়াদি প্রশিক্ষণ।
২. সুপার/সহকারী সুপারগণের জন্য ০৩ (তিন) সপ্তাহ মেয়াদি প্রশিক্ষণ।
৩. অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের জন্য ০৩ (তিন) সপ্তাহ মেয়াদি প্রশিক্ষণ।

৪. সুপার/সহকারী সুপারগণের জন্য ০৫ (পাঁচ) দিন মেয়াদি শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ।

৫. অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের জন্য ০৫ (পাঁচ) দিন মেয়াদি শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ।

**গ. ভাষা শিক্ষা (অনলাইন):**

১. দাখিলস্তরের সহকারী মৌলভী/সিনিয়র মাদ্রাসা (আলিম, ফাজিল ও কামিল) স্তরের শিক্ষকগণের জন্য ৩৬ (ছত্রিশ) দিন মেয়াদি অনলাইন আরবি ভাষা শিক্ষা প্রশিক্ষণ।

২. দাখিলস্তরের মাদ্রাসার সহকারী শিক্ষক/সহকারী মৌলভীগণের জন্য ৩৬ (ছত্রিশ) দিন মেয়াদি অনলাইন ইংরেজি ভাষা শিক্ষা প্রশিক্ষণ।

৩. এবতেদায়ি প্রধান এবং সুপার/সহকারী সুপারগণের ১৮ (আঠারো) দিন মেয়াদি অনলাইন আরবি ভাষা শিক্ষা প্রশিক্ষণ।

**ঘ. প্রকল্পের আওতায় পরিচালিত কোর্স:**

১. মাদ্রাসা শিক্ষকগণের শিক্ষণ দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংক্রান্ত প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

২. নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন (২য় সংশোধিত) প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

৩. ক্যাপাসিটি ডেপেলপমেন্ট অব মাদ্রাসা এডুকেশন স্কিম-এর আওতায় প্রশাসন ও অফিস ব্যবস্থাপনা এবং বিষয়ভিত্তিক প্রশিক্ষণ।

**ঙ. ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন:** ব্যাচেলর অব এডুকেশন (বিএড)-এর সমমানের ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন কোর্সটি জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধীনে একমাত্র বিএমটিটিআই-তে পরিচালিত হয়।

**৪. সাফল্য/অর্জন: (২০২৪-২৫ অর্থবছরে অর্জন)**

| ক্রম. | প্রশিক্ষণ কোর্স | কোর্সের নাম | মোট ব্যাচ | মোট প্রশিক্ষণার্থী | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ১. | বিষয়ভিত্তিক | এবতেদায়ীস্তরের জুনিয়র শিক্ষকগণের প্রশিক্ষণ কোর্স | ১৪টি | ৫৪৫ জন | ৩৫৪৭ জন |
| ২. | | দাখিলস্তরের সহকারী শিক্ষকগণের প্রশিক্ষণ কোর্স | ১১টি | ১০৯০ জন | |
| ৩. | | সিনিয়র মাদ্রাসার প্রভাষক/সহকারী অধ্যাপকগণের প্রশিক্ষণ কোর্স | ০৮টি | ৩০০ জন | |
| ৪. | | অনলাইন ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স | ১০টি | ২৮৪ জন | |
| ৫. | | অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স | ৪৪টি | ১৩২৮ জন | |
| ৬. | শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা | অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ০৪টি | ১৫৯ জন | ৮৫২ জন |
| ৭. | | অধ্যক্ষ/উপাধ্যক্ষগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ কোর্স | ০৩টি | ১০৮ জন | |
| ৮. | | সুপার/সহকারী সুপারগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ০৬টি | ২৬৯ জন | |
| ৯. | | সুপার/সহকারী সুপারগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (সঞ্জীবনী) প্রশিক্ষণ কোর্স | ০৩টি | ১১৪ জন | |
| ১০. | | এবতেদায়ী প্রধানগণের শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স | ০৫টি | ২০২ জন | |
| | | **সর্বমোট:** | **১০৮টি** | **৪৩৯৯ জন** | **৪৩৯৯ জন** |

**৫. জনবল:**

| জনবল | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | মোট |
|---|---|---|---|---|---|
| অনুমোদিত | ২৭ | - | ১৩ | ১৫ | ৫৫ |
| কর্মরত | ২০ | - | ১০ | ১১ | ৪১ |
| শূন্য | ০৭ | | ০৩ | ০৪ | ১৪ |

**৬. গবেষণা:**

"অনলাইন আরবি ভাষা প্রশিক্ষণ কোর্সের কার্যকারিতা মূল্যায়ন"-শীর্ষক গবেষণা পরিচালিত হয়েছে।

**৭. অনলাইন সেবা:**

দেশে সর্বপ্রথম প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে বিএমটিটিআই ২০২১ সালে ব্লেন্ডেড পদ্ধতির প্রশিক্ষণ প্রচলন করে। বর্তমানেও বিএমটিটিআই পরিচালিত ০৪ (চার) সপ্তাহ মেয়াদী প্রশিক্ষণ কোর্সসমূহ ব্লেন্ডেড পদ্ধতিতে পরিচালনা করা হচ্ছে। এছাড়াও অনলাইনে সিনিয়র মাদ্রাসার প্রভাষক/সহকারী অধ্যাপক এবং দাখিল মাদ্রাসা সহকারী শিক্ষকগণকে আরবি ভাষায় পারদর্শী করে তোলার জন্য আরবি এবং এবতেদায়ি প্রধান ও দাখিলস্তরের মাদ্রাসার সহকারী শিক্ষক/সহকারী মৌলভীগণকে ইংরেজি ভাষায় পারদর্শী করে তোলার জন্য ইংরেজি ভাষা শিক্ষা প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**৮.অবদান:**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট মানসম্মত শিক্ষা বিস্তরণে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে-যা নিম্নরুপ:

- মাদ্রাসার বিভিন্ন স্তরের শিক্ষকগণকে শ্রেণি কক্ষে পাঠদানের কলা-কৌশল সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা;
- শিক্ষাক্রম বিস্তরণ সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা;
- সকল স্তরের মাদ্রাসার শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনাকে গতিশীল করা;
- শিক্ষকগণকে আইসিটি ব্যবহারে পারদর্শী করে তোলা;
- শিক্ষকগণকে আরবি ও ইংরেজি ভাষায় পারদর্শী করে তোলা।

৯. **ভবিষ্যৎ পরিকল্পনা:**

- ২০২৫-২৬ অর্থ বছরে প্রায় ৫০০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান;
- বিএমটিটিআই-কে ন্যাশনাল একাডেমি ফর মাদ্রাসা এডুকেশন-এ রুপান্তর করা;
- ০৪ (চার)টি বিভাগে আরও বিএমটিটিআই-এর আঞ্চলিক কেন্দ্র চালু করা;
- নতুন কারিকুলামের সাথে সামঞ্জস্য রেখে মডিউল ও ম্যানুয়াল পরিমার্জন করা;
- শুন্য পদসমূহ পূরণ ও নতুন পদ সৃষ্টির মাধ্যমে জনবল বৃদ্ধি;
- ১৬ তলা বিশিষ্ট বহুতল ভবন নির্মাণ;
- আবাসিক সুবিধা বৃদ্ধি করা;
- অধিবেশন কক্ষগুলো স্মার্ট ইকুইপমেন্টসহ সুসজ্জিতকরণ।







১০ মার্চ ২০২৫ তারিখে ব্রিটিশ কাউন্সিল এবং বিএমটিটিআই কর্তৃক যৌথভাবে আয়োজিত বিএমটিটিআই-তে লার্নিং, শেয়ারিং এবং সেফগার্ডিং কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর সম্মানিত সচিব ড. খ ম কবিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর মহাপরিচালক জনাব মো. আব্দুল মান্নান এবং ব্রিটিশ কাউন্সিলের প্রোগ্রাম ডিরেক্টর জনাব ডেভিড নক্স।





প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের নির্দেশনা দিচ্ছেন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর সম্মানিত সচিব ড. খ ম কবিরুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-এর মহাপরিচালক জনাব মো. আব্দুল মান্নান।



প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়



প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্মানিত ভাইসচ্যান্সেলর প্রফেসর ড মো: শামছুল আলম।



প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর মিঞা মো: নূরুল হক।





প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের নির্দেশনা দিচ্ছেন

বিএমটিটিআই-এর অধ্যক্ষ মহোদয়





**প্রশিক্ষণার্থীদের কম্পিউটার ল্যাবে আইসিটি সেশন পরিচালনা করছেন বিএমটিটিআই-এর অধ্যক্ষ মহোদয়**